

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৭.১৯-৩৫৩

তারিখঃ ৩১ আষাঢ় ১৪২৬
১৫ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৬০৫৬/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৬০৫৬/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৬০৫৬/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৬০৫৬/২০১৯	জনাব মো: সাইদুল ইসলাম, বরদানগর আকাসিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-চাটমোহর, জেলা-পাবনা।	সচিব, শিক্ষা মন্ত্রণালয় ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ১২ (বার) জন।	পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন বরদানগর আকাসিয়া দাখিল মাদ্রাসা'র সুপার. জনাব মো: সাইদুল ইসলাম-কে উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি কর্তৃক ০৫/০১/২০১৯ তারিখে স্থায়ী বরখাস্ত করা হয়। উক্ত সুপার এর সাময়িক ও স্থায়ী বরখাস্তসহ বেতন-ভাতা বন্ধ করা বিধি সম্মত না হওয়ায় তার (সুপার জনাব মো: সাইদুল ইসলাম-কে) বকেয়া বেতনসহ পূর্ণাঙ্গ বেতন-ভাতা প্রদানপূর্বক দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠানের সভাপতি-কে অনুরোধ জানিয়ে জেলা শিক্ষা অফিসার, পাবনা হতে ২৮/০৪/২০১৯ তারিখে জেশিঅ/পাব/২০১৯/৪৫৭/৬ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। উক্ত পত্রালোকে সভাপতি কর্তৃক কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় সুপার, জনাব মো: সাইদুল ইসলাম কর্তৃক সংক্ষুব্ধ হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৬০৫৬/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২২/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার এর সাময়িক ও স্থায়ী বরখাস্তসহ বেতন-ভাতা বন্ধ করা এবং জেলা শিক্ষা অফিসার, পাবনা এর ২৮/০৪/২০১৯ তারিখের জেশিঅ/পাব/২০১৯/৪৫৭/৬ সংখ্যক স্মারক আলোকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করা কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ১৯/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। একই সাথে উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির ০৫/১২/২০১৮ তারিখের (Annexure-H) এর কার্যক্রম পরবর্তী ০৬ (ছয়) স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। উপরিউক্ত মতে ব্যবস্থা গ্রহণপূর্বক রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৬০৫৬/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।